


শোকবাণী



মাদকাস্তি নিরাময় কেন্দ্র ‘আপনগাঁও’-এর নির্বাহী পরিচালক ব্রাদার রোনাল্ড ড্রাহোজাল (৮২) যুক্তরাষ্ট্রের আইওয়া অঙ্গরাজ্যে গত ১৫-১০-২০১৮ ইং সোমবার স্থানীয় সময় ভোরে মারা গেছেন, তিনি কিডনির রোগের ভুগছিলেন। গত ১৯ এপ্রিল উন্নত চিকিৎসার জন্য তিনি বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে যান। তিনি সাউথব্যান্ড ইণ্ডিয়ানা নটরডেম ব্রাদারস কলেজে চিকিৎসাধীন ছিলেন। ব্রাদার রোনাল্ড ১৯৬২ সালে বাংলাদেশে আসেন শিক্ষকতা করার জন্য। কিন্তু পরে নিজেকে উৎসর্গ করেন মানব সেবায়। ১৯৮৮ সালে প্রথমবারের মতো গড়ে তোলেন ‘আপন’ নামের মাদকাস্তি পুনর্বাসন কেন্দ্র। ১৯৯৪ সালে বড় পরিসরে যাত্রা শুরু করে ‘আপন’। ১৯৯৫ সালে যুক্তরাষ্ট্রের পৈতৃক সম্পত্তি বিক্রি করে মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলার জাইরা গ্রামে আপন এর জন্য তিনি একর জায়গা কেনেন ব্রাদার রোনাল্ড। ২০০৭ সালে পূর্ণাঙ্গ রূপ পায় তাঁর স্বপ্নের আপনগাঁও। ব্রাদার রোনাল্ড প্রথমআলো ট্রাষ্ট মাদকবিরোধী আন্দোলনের একজন। বাংলাদেশ তাঁর মত একজন ত্যাগী মানবহিতৈষীকে হারালো। নির্মোহ এ মানবসেবীর মৃত্যুতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকলে গভীরভাবে শোকাহত।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়।